# All India Radio (Kolkata)

**Regional News Unit**

**Date : 02-10-23** **Desk in Charge: –**

**Time : 7-35A.M.** **Compiling:-**

**Morning / Day / Evening** **National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / কলকাতা

স্থানীয় সংবাদ / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ-

১) বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে অর্থ বরাদ্দ বন্ধ করে দেওয়া সহ রাজ্যের প্রতি বঞ্চনার অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস দিল্লিতে একগুচ্ছ কর্মসূচী গ্রহণ করবে। # তৃণমূল কংগ্রেসের কর্মসূচীর পাল্টা হিসেবে এ'রাজ্যে বিজেপির প্রতিবাদ কর্মসূচীর ঘোষণা।

২/ রাজ্য সরকার নানাভাবে মানুষকে বঞ্চনা করছে বলে, কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানী অভিযোগ করেছেন।

৩/ রাজ্যের ৬-টি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য নিয়োগ করেছেন রাজ্য পাল সি ভি আনন্দ বোস।

৪/ জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৪-তম জন্মবার্ষিকী, এ'রাজ্যেও যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে।

৫/ বঙ্গোপোসাগরে নিম্নচাপের প্রভাবে চৌঠা অক্টোবর পর্যন্ত রাজ্যের সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাস।

৬/ AFC কাপ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ মালদ্বীপের মাজিয়া SRC-র মুখোমুখি হবে।

***************************************************************

১০০ দিনের কাজ, আবাস যোজনা প্রকল্পের অর্থ বরাদ্দ বন্ধ করে দেওয়া সহ একাধিক পথে রাজ্যের প্রতি বঞ্চনার অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস দিল্লিতে একগুচ্ছ কর্মসূচী গ্রহণ করবে বলে জানা গেছে। দলীয় কর্মসূচী নির্ধারণে গতকাল দিল্লিতে প্রবীণ সাংসদ সৌগত রায়ের বাসভবনে তৃণমূল কংগ্রেসের সাংসদ,  বিধায়ক, মন্ত্রীদের এক বৈঠক বসে। সেখানে দিল্লিতে কর্মসূচী নিয়ে আলোচনা হয়। দলের বর্ষীয়ান নেতা তথা সাংসদ সুদীপ বন্দোপাধ্যায় বৈঠক শেষে সাংবাদিকদের বলেন, নেতারা আজ রাজঘাটে প্রতিবাদ কর্মসূচী পালন করবে।

(বাইট- সুদীপ)

তৃণমূল কংগ্রেসের এই কর্মসূচীকে কটাক্ষ করেছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গতকাল একটি দলীয় কর্মসূচীতে যোগ দিয়ে তিনি বলেন, দিল্লিতে রাজ্য থেকে লোক না নিয়ে গিয়ে রাজ্যের শাসক দলের উচিত, কেন্দ্রীয় প্রকল্পে অর্থ ব্যয়ের হিসেব দেওয়া।

(বাইট- শুভেন্দু)

CPIM –এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী'ও, তৃণমূল কংগ্রেসের দিল্লির কর্মসূচীকে কটাক্ষ করেছেন।

(বাইট- সুজন)

**********************

কেন্দ্রের বিজেপি সরকার রাজনৈতিক কারণে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে রাজ্যের মানুষকে তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছে বলে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেছেন। কেন্দ্রের বঞ্চনার প্রতিবাদে ধর্ণা কর্মসূচির জন্য গতকাল বিকেলে দিল্লি রওনা হওয়ার আগে বিমানবন্দরে তিনি জানান-

(বাইট-অভিষেক )

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী গিরিরাজ সিং তাদের সাংসদদের সঙ্গে দেখা করতে চাইছেন না, অথচ বিজেপি সাংসদদের ডেকে পাঠাচ্ছেন- যা বিমাতৃসুলভ আচরণ বলেও অভিষেক দাবি করেন।

**********************

তৃণমূল কংগ্রেসের দিল্লি চলো কর্মসূচির পাল্টা হিসেবে ভারতীয় জনতা পার্টিও আজ এরাজ্যে প্রতিবাদ কর্মসূচি পালন করবে। দলীয় সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় প্রকল্পের টাকার সঠিক হিসাব না দিয়ে খেলা,মেলা, উৎসবে টাকা নয়ছয় করা এবং রাজ্য জুড়ে মহিলাদের ওপর অত্যাচারের প্রতিবাদে দলের মহিলা মোর্চা আগামীকাল মেয়ো রোডে গান্ধী মূর্তির পাদদেশে ধর্না অবস্থানে সামিল হবে। বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, দলের বিধায়করাও আজ অবস্থান বিক্ষোভ করবেন। পাশাপাশি সাংসদরা দিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বা প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতির সঙ্গে দেখা করে টাকা না পাওয়ার প্রকৃত কারণ তুলে ধরবেন।

**********************

কেন্দ্রীয় নারী ও শিশুকল্যাণ মন্ত্রী স্মৃতি ইরানি অভিযোগ করেছেন, রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার চা-বাগানের শ্রমিকদের টাকা দিচ্ছে না, বাড়ি দিচ্ছে না, বার বার বলা সত্ত্বেও তাদের মজুরী বাড়ানোরও কোন উদ্যোগ-ই নেওয়া হচ্ছে না। শিলিগুড়ির দাগাপুর ময়দানে গতকাল রাজ্য বিজেপি-র ট্রেড ইউনিয়ন রিলেশনস সেলের উদ্যোগে চা-শ্রমিক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

(বাইট-স্মৃতি ইরানি)

*************************

রাজ্যপাল সি ভি আনন্দ বোস রাজ্যের ৬-টি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য নিয়োগ করেছেন। মুর্শিদাবাদ বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব পাচ্ছেন অধ্যাপক অচিন্ত্য সাহা।

অন্যদিকে, কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য পদে নিয়োগ করা হয়েছে নিখিল চন্দ্র রায়কে। অধ্যাপক বিবি পাড়িরা, মহাত্মা গান্ধী বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য নিয়োগ হয়েছেন। আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়, বিশ্ববাংলা বিশ্ববিদ্যালয়ে অস্থায়ী উপাচার্য নিয়োগ করা হয়েছে, যথাক্রমে অধ্যাপক রথীন বন্দ্যোপাধ্যায় এবং অধ্যাপক দিলীপ মাইতিকে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে একজন অবসরপ্রাপ্ত আই পি এস আধিকারিককে অস্থায়ী উপাচার্য হিসেবে নিযুক্ত হয়েছেন।

এদিকে, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, রাজ্যপালের এই অস্থায়ী উপাচার্য নিয়োগের সমালোচনা করেছেন। তিনি গতকাল সাংবাদিকদের বলেন-

(বাইট- ব্রাত্য)

*********************

গরু পাচার মামলার তদন্তে এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, বীরভূমের বোলপুর পুরসভার এক তৃণমূল কংগ্রেস কাউন্সিলার, একজন আইনজীবি এবং পৌরসভার আরো দুই কর্মীকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে। আগামীকাল তাদের দিল্লিতে ইডি কার্যালয়ে হাজিরা দিতে বলা হয়েছে। ধৃত তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মন্ডলের বেআইনিভাবে অর্জিত সম্পত্তির নথিতে, এই চারজনের যুক্ত থাকার তথ্য মিলেছে বলে জানা গেছে।

বোলপুর পুরসভার ২২ নম্বর ওয়ার্ডে তৃণমূল কংগ্রেস কাউন্সিলার শিবনাথ রায় , অনুব্রত ঘনিষ্ঠ বলেপরিচিত। এছাড়াও, স্থানীয় আইনজীবি গৌতম হাটি, পৌরসভার স্যানিটারি বিভাগের কর্মী সুদীপ  ভট্টাচার্য ও পরিবহন বিভাগের কর্মী কাজল মন্ডলকে তলব করা হয়েছে।

*********************

জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৪-তম জন্মদিনটি, সারা দেশের সঙ্গে এরাজ্যেও যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করা হচ্ছে। গান্ধী জয়ন্তী উপলক্ষে

রাজ্য সরকারের উদ্যোগে বেলেঘাটার গান্ধী ভবনে, প্রস্তাবিত এক অনুষ্ঠানে গান্ধী মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হবে। এরপরে কলকাতার মেয়ো রোডে গান্ধী মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন, রাজ্যপাল সিভি আনন্দ বোস। নবান্ন এবং বিধানসভা ভবনেও দিনটি যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করা হবে।

*********************

বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট নিম্নচাপটি আরও ঘনীভূত হয়ে রাজ্যের পশ্চিমাঞ্চল এবং সংলগ্ন ঝাড়খন্ডের ওপর অবস্থান করছে। এটির আরও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হওয়ার সম্ভাবনা। এর প্রভাবে আগামী বুধবার চৌঠা অক্টোবর পর্যন্ত রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টির পরিমাণ বাড়বে। মৎস্যজীবীদের আগামীকাল তেসরা অক্টোবর পর্যন্ত, সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

আলিপুর আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে, আজ ও আগামীকাল দক্ষিণ ২৪ পরগনার, দুই মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি থাকছে। বুধবার এই চার জেলা ছাড়াও বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, মুর্শিদাবাদ ও পশ্চিম বর্ধমান জেলাতেও ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। উত্তরবঙ্গে কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় আজ ভারী বৃষ্টির হলুদ সতর্কতা এবং আগামীকাল অতিভারী বৃষ্টির ‘কমলা সতর্কতা’ জারি করা হয়েছে। বুধবার হলুদ সতর্কতা জারি রয়েছে কালিংম্পং ও জলপাইগুড়ি জেলায়।

আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সঞ্জীব বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন –

(বাইট-সঞ্জীব)

এদিকে, আজ ভোর থেকে দক্ষিণ ২৪ পরগনা জুড়ে শুরু হয়েছে বৃষ্টি। সুন্দরবন উপকূলে বৃষ্টির পরিমান বেশী। সঙ্গে বইছে দমকা বাতাস। বেলা বাড়লে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।
আজ ও আগামীকাল মৎস্যজীবীদের জন্য লাল সতর্কতা জারী করা হয়েছে। দু'দিন সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। পুলিশের পক্ষ থেকে সুন্দরবনের ব্লকগুলিতে মাইক প্রচার চলছে। মাটির দেওয়াল চাপা পড়ে রাজ্যে বেশ কয়েকজনের মৃত্যুর পর সতর্ক জেলা প্রশাসন। মাটির বাড়ির বাসিন্দাদের পাকা বাড়ি ও ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রে চলে আসার নির্দেশ দেওয়া হয়েছে। বকখালি, ফ্রেজারগঞ্জ, গঙ্গাসাগরে আসা পর্যটক ও পুণ্যার্থীদের সমুদ্রস্নানে কড়া নজরদারি চালাচ্ছে সিভিল ডিফেন্সের কর্মীরা। সুন্দরবনের প্রতিটি ব্লকে কন্ট্রোলরুম খোলা হয়েছে। পর্যাপ্ত ত্রাণ মজুত করা হয়েছে।

*********************

বাঁকুড়ার সাংসদ তথা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডাঃ সুভাষ সরকারকে, ফের দলীয় কর্মীদের বিক্ষোভের মুখে পড়তে হয়েছে। বাঁকুড়ার সিমলাপালের লক্ষীসাগর সেন্টার মোড়ের এই ঘটনায় গতকাল পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। লোকসভা ভোটের আগে বাঁকুড়া, শালতোড়ার পর জঙ্গলমহলে এই ঘটনায় যথেষ্ট অস্বস্তিতে গেরুয়া শিবির।

*********************

ডুয়ার্সে জঙ্গল সাফারি সেরে ফেরার সময় পথ দুর্ঘটনায় এক পর্যটক প্রাণ হারিয়েছেন। গতকাল চালসা ও লাটাগুড়ির মাঝে জাতীয় সড়কে এই দুর্ঘটনা ঘটে। নিহত প্রতিমা দে উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামের বাসিন্দা। আহত গাড়ি চালক সহ ৭ জন। তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। জানা গেছে, গতকাল বিকেলে একটি ছোট গাড়ি, পর্যটকদের জিপসি-তে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় প্রতিমা দের।

*********************

হাওড়ার সাঁকরাইল থানা এলাকার ৬ নম্বর জাতীয় সড়কে ‘সোনার বাংলা’ মোটেলের কাছে একটি গাড়ি থেকে ১০ লক্ষ টাকা মূল্যের গাঁজা উদ্ধার করেছে রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স। ২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। নির্দিষ্ট খবরের ভিত্তিতে ওই গাড়িতে তল্লাশি চালিয়ে, মোট ১০০ কেজি গাঁজা বাজেয়াপ্ত করে STF। ওড়িশা থেকে হাওড়ার সাঁকরাইল ও বনগাঁয় সেগুলি পাচার করা হচ্ছিল। ধৃত আক্রাম হোসেন ও সমর মিস্ত্রী –কে আগামীকাল হাওড়া আদালতে তোলা হচ্ছে।

*********************

AFC কাপ ফুটবলের গ্রুপ পর্যায়ের ম্যাচে, মোহনবাগান সুপার জায়ান্ট আজ মালদ্বীপের মাজিয়া SRC-র মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

এএফসি কাপে, সবুজ-মেরুন ব্রিগেডের এ’টি দ্বিতীয় ম্যাচ। প্রথম ম্যাচে মোহনবাগান, ওড়িশা এফ সি-কে ৪-০ গোলে হারিয়েছিলো।

অন্যদিকে, মাজিয়া, বাংলাদেশের ক্লাব বসুন্ধরা কিংসকে ৩-১ গোলে পরাজিত করেছিলো।

************************************************************